

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪০৫

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জামা'আতে সালাত সম্পাদন ও ইমামতি - ইমাম নির্ধারণের মহত্ব ও তাকে অনুসরণ পদ্ধতি

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ \_ رضي الله عنه \_ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ \_ صلى الله عليه وسلم: «إِنَّمَا جُعِلَ الْإِمَامُ لِيُوْتَمَّ بِهِ, فَإِذَا كَبَّرُ فَكَبِّرُوا, وَلَا تُكَبِّرُوا حَتَّى يُكَبِّرَ, وَإِذَا رَكَعَ فَارْكَعُوا, وَلَا تُركَعُوا حَتَّى يُكبِّرَ, وَإِذَا قَالَ سَمِعَ اللّهُ لِمَنْ حَمِدَهُ, فَقُولُوا: اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ, وَإِذَا سَجَدَ فَاسْجُدُوا, وَلَا تَسْجُدُوا حَتَّى يَسْجُدَ, وَإِذَا صَلَّى قَائِمًا فَصَلُّوا قِيَامًا, وَإِذَا صَلَّى قَاعِدًا فَصَلُّوا قِيَامًا, وَإِذَا صَلَّى قَاعِدًا فَصَلُّوا قَعُودًا أَجْمَعِينَ». رَوَاهُ أَبُو دَاوُدَ, وَهَذَا لَفْظُهُ

وَأُصْلُهُ فِي الصَّحِيحَيْنِ

صحيح. رواه أبو داود (603)

## বাংলা

8০৫. আবূ হ্রাইরা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ইমাম নির্ধারণ করা হয় তাঁর অনুসরণের জন্য। তাই যখন তিনি তাকবীর বলেন, তখন তোমরাও তাকবীর বলেবে, আর ইমাম তাকবীর না বলা পর্যন্ত তোমরা বলবে না। যখন তিনি রুকু' করেন তখন তোমরাও রুকু' করবে। তিনি রুকু না করা পর্যন্ত তোমরা রুকুতে যাবে না। যখন مُرَبِّنَا لَكُ الْحَمْدُ বলেন, তখন তোমরা مُرَبِّنَا لَكُ الْحُمْدُ वলবে। আর তিনি যখন সিজদা করেন তখন তোমরাও সিজদা করবে। আর সাজদায় তোমরা ততক্ষণ যাবে না, যতক্ষণ না তিনি সিজদাতে যান। যখন তিনি দাঁড়িয়ে সালাত আদায় করেন তখন তোমরাও দাঁড়িয়ে সালাত আদায় করা। যখন তিনি বসে সালাত আদায় করেন তখন তোমরাও বসে সালাত আদায় করেবে। আবূ দাউদ; এটা তাঁরই শক।



এ হাদীসের মূল বিষয় বুখারী, মুসলিমে রয়েছে।[1]

## ফুটনোট

[1] মুসলিম ৪১৪, ৪১৭, বুখারী ৭২২, নাসায়ী ৯২১, ইবনু মাজাহ ৮৪৬, ১২৩৯, আবূ দাউদ ৬০৩ আহমাদ ৭১০৪, ৮২৯৭, ৮৬৭২, ৯০৭৪, দারেমী ১৩১১।

বুখারীর বর্ণনায় রয়েছে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ইমাম নির্ধারণ করা হয় তাঁর অনুসরণের জন্য। তাই যখন তিনি তাকবীর বলেন, তখন তোমরাও তাকবীর বলেবে, যখন তিনি রুকু' করেন তখন তোমরাও রুকু' করেবে। যখন مُعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ বলবে। আর তিনি যখন সিজদা করেন তখন তোমরাও সিজদা করবে। যখন তিনি বসে সালাত আদায় করেন তখন তোমরাও বসে সালাত আদায় করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন